গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়
আইন ও বিচার বিভাগ
বিচার শাখা-৩।
www.lawjusticediv.gov.bd

নম্বর: ১০.০০.০০০০.১২৭.৯৯.০০৩.১৮. ৯২৮

তারিখ: ১৩ অগ্রহায়ণ ১৪৩১ বঙ্গাব্দ
২৮ নভেম্বর ২০২৪ খ্রিস্টাব্দ

**প্রজ্ঞাপন**

বাংলাদেশ সুপ্রীম কোর্টের সাথে পরামর্শক্রমে ২০২৪ সনের ডিসেম্বর মাসে দেওয়ানি আদালত অবকাশকালে বাংলাদেশ জুডিসিয়াল সার্ভিসের নিম্নবর্ণিত বিচারকগণ-কে তাঁদের নামের পাশে উল্লিখিত জেলার আদালত সমূহের (জেলা ও দায়রা জজ আদালত, মহানগর দায়রা জজ আদালত, সন্ত্রাস বিরোধী বিশেষ ট্রাইব্যুনাল, দ্রুত বিচার ট্রাইব্যুনাল, ঢাকার ১০টি বিশেষ জজ আদালত, নারী ও শিশু নির্যাতন দমন ট্রাইব্যুনাল, বিশেষ জজ আদালত, জননিরাপত্তা বিঘ্নকারী অপরাধ দমন ট্রাইব্যুনাল, পরিবেশ আপীল আদালত, সাইবার ট্রাইব্যুনাল, সিকিউরিটিজ এন্ড এক্সচেঞ্জ কমিশনের স্পেশাল ট্রাইব্যুনাল এবং মানব পাচার অপরাধ দমন ট্রাইব্যুনাল) জরুরি দেওয়ানি ও ফৌজদারি মামলা গ্রহণ এবং তা হতে উদ্ভূত জরুরি বিষয়সমূহ শুনানি ও নিস্পত্তি করার জন্য ভ্যাকেশন জজ নিয়োগ করা হলো:

| ক্রমিক নং | নাম, পদবি, বর্তমান কর্মস্থল ও নিবাস | অধিক্ষেত্র জেলা |
|---|---|---|
| ১. | জনাব মোঃ ইব্রাহিম মিয়া<br>অতিরিক্ত মহানগর দায়রা জজ, ঢাকা | ঢাকা মহানগর এলাকা, ঢাকার ১০ টি বিশেষ আদালত, দ্রুত বিচার ট্রাইব্যুনাল এবং সন্ত্রাস বিরোধী বিশেষ ট্রাইব্যুনালসহ |
| ২. | জনাব অরুন পাল<br>অতিরিক্ত জেলা ও দায়রা জজ, বান্দরবান | বান্দরবান জেলা |

২। উল্লিখিত কর্মকর্তাদ্বয়কে উক্ত অবকাশকালীন দ্যা কোড অব ক্রিমিনাল প্রসিডিউর, ১৮৯৮ এর ৪৩৫ ধারার অধীন পুনর্বিবেচনার দরখাস্ত ব্যতীত সকল ফৌজদারি দরখাস্ত ও মামলা গ্রহণ এবং নিস্পত্তি করার জন্য দ্যা কোড অব ক্রিমিনাল প্রসিডিউর, ১৮৯৮ এর ১৯৩ (২) ধারার অধীন ক্ষমতা প্রদানসহ তাঁদেরকে উক্ত অবকাশকালীন তাঁদের নামের পাশে বর্ণিত জেলাসমূহের সদর দপ্তরে আসন গ্রহণ করার জন্য দ্যা কোড অব ক্রিমিনাল প্রসিডিউর, ১৮৯৮ এর ৯ (৪) ধারার ক্ষমতা প্রদান করা হলো।

৩। বর্ণিত বিচারকদ্বয়কে অবকাশকালীন The Civil Courts Act 1887 (Act No.XII of 1887) এর ধারা ১৪ ও ৩৬ অনুযায়ী সংশ্লিষ্ট জেলার অধিক্ষেত্রের জেলা সদরে আসন গ্রহণ করে জরুরি দেওয়ানি মামলা গ্রহণ ও তা হতে উদ্ভূত জরুরি বিষয়ে শুনানী ও নিস্পত্তি করার ক্ষমতা এবং শিশু আইন, ২০১৩ এর আওতায় গঠিত শিশু আদালতের কার্যক্রম পরিচালনা করার ক্ষমতা প্রদান করা হলো।

৪। ভ্যাকেশন ডিউটিতে কর্মরত বিচারকগণ সরকারি গাড়ি ব্যবহারের প্রাধিকার প্রাপ্ত হবেন।

রাষ্ট্রপতির আদেশক্রমে,

28.11.24

(এ,এফ,এম,গোলজার রহমান)
উপসচিব (প্রশাসন-১)
ফোন-৫৫১০০০৮৮৬

নম্বর: ১০.০০.০০০০.১২৭.৯৯.০০৩.১৮.৯২৮

তারিখ: ১৩ অগ্রহায়ণ ১৪৩১ বঙ্গাব্দ
২৮ নভেম্বর ২০২৪ খ্রিস্টাব্দ

**সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :**

১। রেজিস্ট্রার জেনারেল, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, ঢাকা।
২। জেলা ও দায়রা জজ/মহানগর দায়রা জজ,
(প্রশাসনিক কারণে প্রযোজ্য ক্ষেত্রে ভ্যাকেশন ডিউটিতে নিয়োজিত বিচারককে জেলা ও দায়রা জজ/মহানগর দায়রা জজের টেলিফোন ও অফিস চেম্বার ব্যবহারের সুবিধা প্রদানের জন্য সংশ্লিষ্ট জেলা ও দায়রা জজ/মহানগর দায়রা জজ-কে অনুরোধ করা হলো)।

৩। জনাব.................................................................অতিরিক্ত মহানগর দায়রা জজ/অতিরিক্ত জেলা ও দায়রা জজ,
৪। বিচারক (জেলা ও দায়রা জজ), নারী ও শিশু নির্যাতন দমন ট্রাইব্যুনাল,
৫। বিচারক (জেলা ও দায়রা জজ), দ্রুত বিচার ট্রাইব্যুনাল,
৬। বিচারক (জেলা ও দায়রা জজ), সন্ত্রাস বিরোধী বিশেষ ট্রাইব্যুনাল,
৭। বিশেষ জজ, বিশেষ জজ আদালত নং-১-১০, ঢাকা।
৮। চীফ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট/চীফ মেট্রোপলিটন ম্যাজিস্ট্রেট,
৯। জেলা প্রশাসক,
১০। পুলিশ সুপার,
১১। উপদেষ্টা মহোদয়ের একান্ত সচিব, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়।
১২। সচিব-এর একান্ত সচিব, আইন ও বিচার বিভাগ।
১৩। উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা।
(উপরের প্রজ্ঞাপনটি বাংলাদেশ গেজেটে প্রকাশ করার জন্য অনুরোধ করা হলো)
১৪। জনসংযোগ কর্মকর্তা, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়।
১৫। সভাপতি/সাধারণ সম্পাদক, জেলা আইনজীবী সমিতি,
১৬। জিপি/পিপি (সকল),
১৭। চীফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়, হিসাব ভবন, সেগুন বাগিচা, ঢাকা।
১৮। ডিভিশনাল কন্ট্রোলার অব একাউন্টস/জেলা একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার,
১৯। প্রোগ্রামার, আইন ও বিচার বিভাগ (ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।

২৮.১১.২৪
(মোহম্মদ মনিরুজ্জামান)
সিনিয়র সহকারী সচিব
ফোন-২২৩৩৫৬৬৩১